MAR. 23 2002

যুগান্তর

তারিখ ... ...
পৃষ্ঠা ১৬ কলাম ... ২ ...

অধ্যাপক মুহুরী হত্যা মামলার তদন্তভার এখন ডিবিতে : খুনিরা ধরা পড়েনি

চট্টগ্রাম ব্যুরো

নাজিরহাট কলেজের অধ্যক্ষ গোপাল কৃষ্ণ মুহুরীর চাঞ্চল্যকর হত্যাকাণ্ডের মামলার তদন্তভার চট্টগ্রাম মহানগর গোয়েন্দা পুলিশের হাতে ন্যস্ত করা হয়েছে। হত্যাকাণ্ডের চার মাস পর গতকাল শুক্রবার মামলাটি কোতোয়ালি থানা পুলিশের কাছ থেকে ডিবিতে হস্তান্তর করা হয়। স্বরাষ্ট্রমন্ত্রী হত্যাকারীদের দ্রুত গ্রেফতারের আশ্বাস দিলেও পুলিশ এ পর্যন্ত মূল কিলারদের কাউকে গ্রেফতার করতে পারেনি।

গত ১৬ নভেম্বর সকাল ৭টায় অধ্যক্ষ গোপাল কৃষ্ণ মুহুরীকে জামালখানের নিজ বাসভবনে

মুহুরী হত্যা : পৃষ্ঠা : ১৫ কলাম : ৪

কালিয়াকৈরে ধর্ষক গ্রেফতার

কালিয়াকৈর প্রতিনিধি

কালিয়াকৈরে শিশু ধর্ষক বাবুলকে পুলিশ গ্রেফতার করেছে। পুলিশ সুপার ঘটনাস্থল

গ্রেফতার : পৃষ্ঠা : ২ কলাম : ৫

মুহুরী হত্যা : ডিবি

অস্ত্রধারী ক্যাডাররা গুলি করে হত্যা করে। এ ঘটনার পর পুলিশ অবশ্য হত্যাকাণ্ডে জড়িত থাকার অভিযোগে ওই কলেজের তিন শিক্ষক মো: জহিরুল হক, তফজ্জল আহমদ, ইদ্রিছ মিয়া চৌধুরী এবং শিবির ক্যাডার ছোট নাছিরকে গ্রেফতার করে।

এদিকে গতকাল বিকাল ৪টায় চট্টগ্রাম প্রেসক্লাবে গ্রেফতারকৃত শিক্ষকদের স্ত্রী-কন্যা-পুত্ররা এক সাংবাদিক সম্মেলনে তিন শিক্ষকের মুক্তির দাবি করেছেন। তিন শিক্ষকের পরিবারের পক্ষ থেকে মারুফ আহমেদ সুবর্ণ লিখিত বক্তব্যের মাধ্যমে দাবি করেছেন, মূল হত্যাকারীদের আড়াল করার জন্য একটি বিশেষ মহল এ মামলায় অন্যায়ভাবে শিক্ষকদের জড়িয়েছে।

পুলিশ জানায়, চাঞ্চল্যকর এই হত্যাকাণ্ডের মূল হোতা হচ্ছে নাজিরহাট কলেজের হিসাবরক্ষক শাহজাহান। শিবিরের দুর্ধর্ষ ক্যাডার হুমায়ুন (সম্প্রতি নিহত) ও ইয়াকুবের নেতৃত্বে সুপরিকল্পিতভাবে এই হত্যাকাণ্ড সংঘটিত হয়। এদের সঙ্গে যোগ দেয় কিলিং স্কোয়াডের মন্টু, হাসান ও ছোট নাছির। চাঞ্চল্যকর এ মামলার তদন্তকারী কর্মকর্তা কোতোয়ালি থানার ওসি রুহুল আমিন সিদ্দিকী অবশ্য বলছেন, শাহজাহানসহ মূল কিলাররা গা ঢাকা দেয়ায় তাদের গ্রেফতার করা সম্ভব হয়নি। তবে মামলা তদন্তে বেশ অগ্রগতি হয়েছে বলে তিনি দাবি করেন।

অপর একটি সূত্র অবশ্য বলছে, গোপাল কৃষ্ণ মুহুরী হত্যার সঙ্গে জড়িতরা এখন প্রকাশ্যে বিভিন্ন সন্ত্রাসী কর্মকাণ্ড চালিয়ে যাচ্ছে। হাতের কাছে পেয়েও পুলিশ তাদের ধরছে না। মূলত চট্টগ্রাম মেডিকেল কলেজ এলাকায় মন্টু-হাসানের বিভিন্ন অপরাধমূলক কর্মকাণ্ড পরিচালিত হচ্ছে বলে তারা জানান।